

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

স্মারক নং-২০.০০.০০০০.৩৩২.২৩.০০৯.২২.৫২

তারিখ : ২৯ ফাল্গুন ১৪৩০
১৩ মার্চ ২০২৪


বিষয় : “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪” এর কর্মসূচিতে অংশগ্রহণ।

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪” উদ্‌যাপন উপলক্ষ্যে পরিকল্পনা মন্ত্রণালয়ের উদ্যোগে আগামী ১৪ মার্চ ২০২৪ তারিখ শিশু-কিশোরদের চিত্রাংকন প্রতিযোগিতা এবং ১৭ মার্চ ২০২৪ তারিখ আলোচনা সভা আয়োজনসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে (বিস্তারিত কর্মসূচি অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)।

২। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মেজর জেনারেল আব্দুস সালাম, আরসিডিএস, পিএসসি (অব), এমপি মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন জনাব সত্যজিত কর্মকার, সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ।

৩। পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪” এর কর্মসূচিতে তিনিসহ তাঁর বিভাগ/সংস্থার সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। উল্লেখ্য, জাতীয় ও রাষ্ট্রীয় বিভিন্ন দিবস উদ্‌যাপন/পালন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে আমন্ত্রিত সরকারি কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি নিশ্চিতকরণ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে।


মোঃ আনোয়ার উজ্জাহ (জামিন)
সিনিয়র সহকারী সচিব
টেলিফোন: ৪৮১১৩৩৫১
E-mail: dsplandivco@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২) প্রধান (সকল), বাংলাদেশ পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৪) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশাসন), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৫) পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ, শেরেবাংলা নগর, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ২) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সদস্যের একান্ত সচিব (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
- ৫) সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) সচিবের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৮) অফিস কপি/সংশ্লিষ্ট নথি।
- ৯) নোটিশ বোর্ড

“বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে
আনব হাসি সবার ঘরে”

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪” এর
অনুষ্ঠানসূচি

তারিখ	সময়	কর্মসূচি/অনুষ্ঠানসূচি
১৪-০৩-২০২৪	১১.০০ - ১২.০০	শিশু-কিশোরদের চিত্রাংকন প্রতিযোগিতা (স্থান-এনইসি অডিটোরিয়ামের সামনের লবি): 'ক' গ্রুপ (১ম থেকে ৫ম শ্রেণি) : বিষয়-বাংলার প্রকৃতি 'খ' গ্রুপ (৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি) : বিষয়-বঙ্গবন্ধু ও বাংলাদেশ
১৭-০৩-২০২৪	সূর্যোদয়ের সাথে সাথে	যথাযথ নিয়মে জাতীয় পতাকা উত্তোলন
	০৯.০০ - ০৯.৩০	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ
	১০.০০ - ১০.৩০	বেলুন উড়ানো (এনইসি অডিটোরিয়ামের সামনে)
	১০.৩০ - ১১.০০	অতিথিবৃন্দের আসন গ্রহণ (এনইসি অডিটোরিয়াম)
	১১.০০ - ১১.১০	জাতির পিতা বঙ্গবন্ধুর জীবনের ওপর নির্মিত ডিডিও তথ্য চিত্র প্রদর্শন
	১১.১০ - ১২.৩০	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ এর গুরুত্ব ও তাৎপর্য বিষয়ক আলোচনা
	১২.৩০ - ০১.০০	শিশু-কিশোরদের চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের পুরস্কার বিতরণ
	বাদ যোহর	দোয়া ও মিলাদ মাহ্‌ফিল (পরিকল্পনা মন্ত্রণালয় ক্যাম্পাস মসজিদ)